



এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন প্রতিষ্ঠার জন্য ঢাকায় সমঝোতা স্মারক স্বাক্ষর

প্রেস বিজ্ঞপ্তি : আন্তর্জাতিক সাহায্য ফাউন্ডেশনের সহায়তায় এশিয়া মহাদেশের বিভিন্ন দেশের নারী শিক্ষার প্রসারের লক্ষ্যে বগুড়ায় 'এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন' প্রতিষ্ঠার লক্ষ্যে গতকাল (বৃহস্পতিবার) ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন পত্রায় একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক সমঝোতা স্মারকটি স্বাক্ষর করেন। এর আগে গত বুধবার ইউরোপিয়ান পার্লামেন্টের সদস্য এবং ডেনমার্কের সাবেক পরিবেশমন্ত্রী ও সাবেক ফার্স্টলেডী ম্যাডাম লোন ডিকজার বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে ইউরোপিয়ান পার্লামেন্টে সাহায্য সংস্থার পক্ষে আনুষ্ঠানিকভাবে সমঝোতা স্মারকটি স্বাক্ষর করেন।

'এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন'-এর ইন্সট্যানশনাল সাপোর্ট কমিটি বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠার জন্য আর্থিক সহায়তা প্রদান করছে। এটি একটি আবাসিক বিশ্ববিদ্যালয় এবং এ বিশ্ববিদ্যালয়ে এশিয়ার বিভিন্ন দেশের দুই হাজার ছাত্রী লেখাপড়া করার সুযোগ পাবেন। স্বাগতিক দেশ হিসেবে বাংলাদেশ সরকার এ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় জমি বরাদ্দের প্রতিশ্রুতি দিয়েছে।

স্বীকার ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব মোঃ আবুল হারিছ চৌধুরী এ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার একটি বাণী পড়ে শোনান।